



## হরমুজ প্রণালিতে বাংলাদেশের জাহাজ চলাচল স্বাভাবিক থাকবে: ইরান



ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনার মধ্যেও দেশের জ্বালানি সরবরাহ নিয়ে স্বস্তির খবর মিলেছে। ইরান জানিয়েছে, হরমুজ প্রণালি দিয়ে বাংলাদেশের তেল ও এলএনজি বহনকারী জাহাজ চলাচলে কোনো বাধা দেওয়া হবে না।

জ্বালানি মন্ত্রণালয়ের সূত্র বলছে, গুরুত্বপূর্ণ এই সমুদ্রপথে সংঘাতের প্রভাব পড়ার আশঙ্কায় বাংলাদেশ সরকার তেহরানের সঙ্গে যোগাযোগ করে। তখন জ্বালানিবাহী জাহাজের নিরাপদ যাতায়াত নিশ্চিত করার অনুরোধ জানানো হয়। জবাবে ইরান সম্মতি দিয়ে অনুরোধ করেছে, প্রণালিতে প্রবেশের আগে জাহাজের তথ্য আগাম জানাতে।

বর্তমানে ইরান যুক্তরাষ্ট্র ও ইসরাইল-সম্পর্কিত জাহাজ চলাচলে নিষেধাজ্ঞা রাখলেও বাংলাদেশের জাহাজকে সেই সীমাবদ্ধতার বাইরে রাখার আশ্বাস দিয়েছে। জ্বালানি খাতের কর্মকর্তারা বলছেন, এতে সরবরাহ পরিস্থিতি নিয়ে তাৎক্ষণিক শঙ্কা অনেকটাই কমেছে।

এদিকে ২৭ হাজার টন ডিজেল নিয়ে সিঙ্গাপুর থেকে আসা একটি জাহাজ সোমবার (৯ মার্চ) চট্টগ্রাম বন্দর পৌঁছেছে। পাশাপাশি চলতি সপ্তাহে আরও চারটি জাহাজে প্রায় ১ লাখ ২০ হাজার টন তেল দেশে আসার কথা রয়েছে।

আগামী এপ্রিলের চাহিদা মেটাতে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বিকল্প উৎস থেকে সরাসরি ক্রয়ের মাধ্যমে প্রায় তিন লাখ টন ডিজেল আমদানির উদ্যোগও নেওয়া হয়েছে।